ঢাকা ওয়াসা

ক্রমিক নং-১ ২০২৫-২০২৬ অর্থ বছরের অত্র জোনের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার ফটোকপি।
ক্রমিক নং-২ ১৬১৬২ হতে প্রাপ্ত অভিযোগ এর কপি।
ক্রমিক নং-৩ পূর্বানুমোদিত দর।
ক্রমিক নং-৪ প্রাক্কলন।
ক্রমিক নং-৫ প্রতিবেদন।

বিষয়: **Removing blockage, Cleaning of sewer line & removing lifted soil from manhole at Chamelibagh (35 Chamelibagh) and adjunct area under MODS Zone-6, Dhaka WASA.**

অনুচ্ছেদ: ১

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংযুক্ত ক্রমিকগুলি সদয় দেখা যেতে পারে। ঢাকা মহানগরীর অত্যন্ত গুরুত্বপূর্ন এবং জনবহুল এলাকায় বিদ্যমান নেটওয়ার্ক এর মাধ্যমে সম্মানিত গ্রাহক হোল্ডিং হতে পয়ঃনিষ্কাশন কাজ অত্যন্ত সফলতা ও সুনামের সহিত ঢাকা ওয়াসা মডস জোন-৬ এর দ্বারা সম্পন্ন করে আসছে। অত্র জোনের আওতাধীন ফকিরাপুল, আরামবাগ, শান্তিনগর, চামেলিবাগ, পল্টন, নয়াপল্টন ইত্যাদি এলাকায় পয়ঃলাইন সমূহ আরামবাগস্থ পয়ঃলিফট স্টেশনের সাথে সংযুক্ত আছে। উল্লেখ্য এলাকাসমূহ হতে প্রায়ঃশই পয়ঃলাইন ব্লকেজ বা ওভার ফ্লো বা ক্লিনিং কাজরে জন্য সরাসরি গ্রাহক হতে,জোনাল অভিযোগ কেন্দ্র এবং ঢাকা ওয়াসার হট লাইন 16162 হতে অভিযোগ পাওয়া যায় (ক্রমিক নং-২ দ্রষ্টব্য)। প্রাপ্ত অভিযোগের প্রেক্ষিতে সরেজমিনে নির্দেশনা মোতাবেক সাইট পরিদর্শন করা হয়। সাইট পরিদর্শনকালে দেখা যায় যে, ৩৫ চামেলীবাগ ও তৎসংলগ্ন এলাকায় বিদ্যমান পয়ঃলাইন ব্লকেজ থাকায় উক্ত এবং অন্যান ভবনের পয়ঃপ্রবাহে বাধাগ্রস্থ হচ্ছে, ক্ষেত্র বিশেষে ভবনের ভিতর ওভার ফ্লো হচ্ছে। পয়ঃলাইনে ব্লকেজ হয়ে ওভার ফ্লো হওয়ায় রাস্তার উপর ও ভবনের ভিতর জনসাধারনের চলাচলের অসুবিধা করাসহ গ্রাহক হোল্ডিং হতে পয়ঃনিষ্কাশন বাধাগ্রস্থ হচ্ছে এবং সম্মানিত গ্রাহকগন বিব্রতকর ও অসস্থিকর অবস্থার সম্মুখিন হচ্ছেন। সাইট পরিদর্শনকালে সম্মানিত গ্রাহকগন অতিদ্রুত পয়ঃলাইনের ব্লকেজ সমূহ নিরসন করে পয়ঃপ্রবাহ স্বাভাবিক করার জন্য অনুরোধ জানান। সেপ্রেক্ষিতে উক্ত এলাকায় পয়ঃলাইন ব্লকেজ অপসারন কাজগুলো দ্রুত সম্পন্ন করা প্রয়োজন।

অনুচ্ছেদ: ২

নির্দেশনা মোতাবেক পয়ঃলাইন ব্লকেজ অপসারন,ক্লিনিং এবং মাটি অপসারন কাজটি সম্পাদন করার লক্ষ্যে ঢাকা ওয়াসার রেট সিডিউল, পিডাব্লিউডি-২০২২ এর দর, ও পূর্বানুমোদিত দর অনুযায়ী একটি প্রাক্কলন (সংযুক্তি-৫ সদয় দ্রষ্টব্য) প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলনে মূল্য দাঁড়িয়েছে টাঃ৪৮,২৭৫.৭৯৬ (আটচল্লিশ হাজার দুই শত পঁচাত্তর দশমিক সাত নয় ছয়) টাকা মাত্র। আলোচ্য কাজটির ব্যয়ভার চলতি ২০২৫-২০২৬ অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার পয়ঃ লাইন রক্ষনাবেক্ষণ খাত (কোড নং-০১-০৪-০০২) এর ক্রমিক নং-বি.৮৪.১৮ (থোক বরাদ্দ) হতে ব্যয় নির্বাহ করা হবে যা, ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা আছে (সংযুক্তি-১)। আলোচ্য ক্রয় বাস্তবায়নে Procuring Entity হিসেবে Executive Engineer, MODS Zone-6, Dhaka WASA কে রাখা হয়েছে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের চুক্তি বাস্তবায়ন কাজসমূহ Executive Engineer, MODS Zone-6, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে। DoFP অনুযায়ী বর্ণিত কাজের অনুমোদনকারী হলেন প্রধান প্রকৌশলী মহোদয়।

অনুচ্ছেদ: ৩

এমতাবস্থায়, Removing blockage, Cleaning of sewer line & removing lifted soil from manhole at Chamelibagh (35 Chamelibagh) and adjunct area under MODS Zone-6, Dhaka WASA শীর্ষক পয়ঃলাইন, রক্ষনাবেক্ষণ কাজটি বাস্তবায়নের জন্য নিম্ন লিখিত প্রস্তাব সমূহ অনুমোদন করা যেতে পারে।

ক) আলোচ্য পয়ঃলাইন রক্ষনাবেক্ষন কাজটি বাস্তবায়নের জন্য প্রশাসনিক ও কারিগরী অনুমোদন।

খ) আলোচ্য কাজটি বাস্তবায়নের জন্য উপস্থাপিত টাঃ৪৮,২৭৫.৭৯৬ (আটচল্লিশ হাজার দুই শত পঁচাত্তর দশমিক সাত নয় ছয়) টাকা মূল্যের প্রাক্কলনটির প্রশাসনিক, অর্থিক ও কারিগরী অনুমোদন।

গ) আলোচ্য কাজটি বাস্তবায়নের জন্য উপস্থাপিত সর্বমোট টাঃ৪৮,২৭৫.৭৯৬ (আটচল্লিশ হাজার দুই শত পঁচাত্তর দশমিক সাত নয় ছয়) প্রাক্কলনটি " দরপত্র মূল্য" হিসেবে প্রশাসনিক, অর্থিক ও কারিগরী অনুমোদন।

ঘ) বর্ণিত কাজটি অতীব জরুরী বিধায় PPA-২০০৬, PPR-২০২৫ এর ৯৯ বিধি ১(ড) উপবিধি মোতাবেক ঠিকাদারী প্রতিষ্ঠান নিউ লুক কর্পোরেশন,৪ মিসকো সুপার মার্কেট, দারুস সালাম রোড,মিরপুর-১, ঢাকা-১২১৬ এর সাথে সরাসরি চুক্তির (DPM) মাধ্যমে সম্পাদনের সদয় অনুমোদন করা যেতে পারে,যা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

সদয় অনুমোদনের জন্য সবিনয়ে নথিখানা উপস্থাপন করা হ'ল।

Sandip
04.11.25
সন্দ্বীপ সূত্রধর
উপ-সহকারী প্রকৌশলী
মড্স জোন-৬
ঢাকা ওয়াসা।

AE
10.11.25
মোহাম্মদ ইমতিয়াজ মাসউদ
সহকারী প্রকৌশলী
মড্স জোন-৬, ঢাকা ওয়াসা

EE
10/11/25
মোঃ রাহাত শিকদার
নির্বাহী প্রকৌশলী
মড্স জোন-৬, ঢাকা ওয়াসা।

SE, MODS / circle-1

১০/১১/২৫
মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মড্স সার্কেল-১, ঢাকা ওয়াসা।

CE

০৪। অনুমোদিত

১০/১১
২০২৫
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা